

খুবির সাবেক ভিসিসহ ১৫ জনের বিরুদ্ধে মামলা

খুলনা-বুরো

দুর্নীতি ও অনিয়মের অভিযোগে খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. মোঃ মাহবুবুল রহমানসহ ১৫ জনের বিরুদ্ধে ও শিক্ষকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। খুলনা নাগরিক ফোরামের চেয়ারপারসন মুক্তিযোদ্ধা শেখ আবদুল কাইয়ুম রোববার খুলনা জেলা ও দায়রা জজ আদালতে মামলাটি দায়ের করেছেন।

মামলায় সাবেক উপাচার্য ছাড়াও অন্য মামলা : পৃষ্ঠা ১১ : কলাম ৩

মামলা : খুবির

(শেষ পৃষ্ঠার পর)

অভিযুক্তরা হচ্ছেন— খুবির অর্থ ও হিসাব বিভাগের পরিচালক খান মোঃ অশিফার রহমান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মারুফত আলী, সাবেক উপাচার্যের সচিব জাবেদ এলাহী, উপ-পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন মাহবুবুল হোসাইন, অর্থ ও হিসাব বিভাগের উপ-পরিচালক শেখ মোহাম্মদ মোহাম্মদ আলী, ইংরেজি প্রভাষক মোঃ মাহমুদুল করিম, প্রভাষক আবদুর রহমান গাফীল, নির্বাহী প্রকৌশলী শেখ সাইফুল আলম বাদশা, অর্থ ও হিসাব বিভাগের সহকারী পরিচালক মোঃ নাজিমুদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ নূরুল ইসলাম, সেকশন অফিসার নূরুল ইসলাম সিদ্দিকী লাভলু, শারীরিক শিক্ষা ও মাদ্রাসা বিভাগের জ্যেষ্ঠ পরিচালক মোঃ আফতাবুর রহমান, জনসংযোগ দফতরের উপ-পরিচালক এসএম আতিয়ার রহমান এবং অর্থ ও হিসাব বিভাগের সহকারী পরিচালক মোহাম্মদ রহমত আলী।